তারিখ 26 NOV 1988
পৃষ্ঠা 2 কলাম 6

দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

230

# উদয়ন বিদ্যা[illegible] নতুন ভবনের নির্মাণ কাজে বাধাদানকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের আহ্বান

গতকাল, শুক্রবার উদয়ন বিদ্যালয়ের নির্মীয়মাণ নতুন ভবনে বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটি, শিক্ষক ও অভিভাবকদের এক যৌথ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যান অধ্যাপক কে, এ, এম সা'দ উদ্দিন।

সভায় সর্বসম্মতিক্রমে বিদ্যালয় ভবন নির্মাণ বিশেষ করে উক্ত এলাকায় আইন-শৃংখলা পরিস্থিতির অবনতি রোধ এবং নির্মাণকাজ সুসম্পন্ন করার জন্য উৎসাহী অভিভাবক এবং ব্যবস্থাপনা কমিটির সদস্যসমন্বয়ে ১২ সদস্যবিশিষ্ট আইন-শৃংখলা বিধান কমিটি এবং ১৭ সদস্যবিশিষ্ট অর্থ সংগ্রহ কমিটি গঠন করা হয়।

সভায় অভিভাবকদের পক্ষ থেকে বক্তব্য পেশ করেন অর্থনীতি সমিতির সাধারণ সম্পাদক ডঃ আতিয়ার রহমান, রাষ্ট্রপতির সহকারী একান্ত সচিব মোঃ আজিজুর রহমান, ডঃ মোস্তফা আলম, কাজী জহুরুল হক প্রমুখ। বক্তাগণ বিদ্যালয় ভবন নির্মাণ কাজে অন্তরায় সৃষ্টিকারী কিছুসংখ্যক দুষ্কৃতকারীর বিরুদ্ধে আইন-শৃংখলা প্রয়োগকারী সংস্থার দৃষ্টি আকর্ষণ করে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান।

সভার সভাপতি অধ্যাপক কে, এ, এম, সা'দ উদ্দিন, ব্যবস্থাপনা কমিটির সদস্য অধ্যাপক খোদাদাদ খান এবং বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা মিসেস শ্যামলী নাসরীন চৌধুরী বলেন, মানুষের তিনটি মৌলিক চাহিদার মধ্যে একটি শিক্ষা ও তার জন্য প্রতিষ্ঠান গড়ার কাজে যারা বাধা সৃষ্টি করে নিজেদের স্বার্থ আদায় করতে চায় তারা শুধু সমাজের চোখে ঘৃণ্য নয়, দেশেরও শত্রু। তাদের সম্মিলিতভাবে প্রতিহত করে বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণের কাজ ত্বরান্বিত করার কাজে সহায়তা দেয়ার জন্য সকলের প্রতি আহ্বান জানানো হয়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।